

বহর্ষপুর নিবাদী

#### শ্রীরামদাস সেন

প্রণীত।

"Blessings be with them, and eternal praise, The poots, who on earth have made us herrs, Of truth, and pure delight, by heavenly lays."

WORDSWORSE

" মলের উদ্যান-মাত্রে, কুস্তুযের নার কবিত -কুস্তুম-রস্ক দি-"

गहिरकम मधुद्रमञ मखा

কলিকাড়া ।

विष्क जिल्लाम् वस्य त्कार वहराजात्रस् ১१२ त्वरचाक स्वरत साम्बद्धान् वस्त्र मुख्यि ।

커귀 5248 開發 [

रूनाना

# কবিতালহরী।

বহরমপুর নিবাদী প্রীর্থামদাস সেন প্রণীত।

"Blessings be with them, and eternal praise,

The poets, who on earth have made us heirs, Of truth, and pure delight, by heavenly lays."

WORDSWORTH.

" মনের উদ্যান-মাঝে, কুস্থমের গার কবিজ,-কুস্থম-রত্ম!--"

মাইকেল মধুস্দন দত্ত।

#### কলিকাতা।

শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বস্ত্র কোং বছবাজারত্ব ১৭২ সংখ্যক ভবনে ফ্যান্ছোপ্ যন্ত্রে মুক্তিত।

मन ১২१८ मान।

🐼 নংকর্ত্তক এই পুস্তকের অধিকাংশ কবিতা ইতিপূর্বের প্রভাকর, গোমপ্রকাশ, বিশ্বমনোরঞ্জন, ভারতরঞ্জন গ্রামবার্ত্তা প্রকাশিকা ও বিদ্যোন্নতি সাধিনী পত্রি-

কায় প্রকাশিত হইয়াছিল ইতি

द्रा, मां. तमा

# নিৰ্ঘন্টপত্ৰ 1

		পৃষ্ঠা.
ঈশ্বর স্তেত্তি,	····	5
निनीथ मगरत পतिज्ञान ও চিন্তা,	•••	8
বীৰ্য্যবতী হিন্দু নারী,	•••	<b>b</b>
ভুষারাবৃত গিরি, 🔐 🗼	•••	50
ৰিপদাপন্ন যুবা,	•••	22
জনৈক ভারতবর্ষীয়ের বিলাপ,	•••	<b>\$</b> 2
কোন নৃপের সাংসারিক স্থথে বিরাগ	প্রকাশ,	25
কবিবর মাইকেল মধুস্থদন দত্ত,		25
কপালকুণ্ডলা,		२ <b>२</b> .
পূর্ণিমা,	•••	২৩
শোকাতুর রদ্ধের খেদ,	•••	24
বসন্ত,	• •	२४
প্রেমিকার সংগীত,	•••	৩১
দ্বিপ্রহর বেলায় ভারুকের ভ্রমণ,	•••	90
नगमा शृंबन,	•••	20
·আওর <b>ঙ্গজেবে</b> রীস্থপ্র দর্শন,	•••	9
'বিপদাুভ গৃহস্থ পরিবার,	•••	<b>८</b> ०
ভগ্ন প্রাচীরোপরি চমৎকার শোভা,	••	8२ 🐇

				शृंक
সন্ধ্যাকালে ভাগীরং	थी मर्भन,	•••	•••	80
সময়,	• • •	• • •		8¢
নীলকরের কারাগা	রে কোন	ক্ষকের	খেদ,	8%
ভণ্ড তপশ্বী,	•••	•••	• • •	<b>6</b> 8
বন্ধু বিয়োগ,	•••	•••		φo
চন্দ্ৰ গ্ৰহণ,	•••	•••	•••	۲۵
মুঙ্গের ছর্গ,		•••		¢2
পাজি লং সাহেব,	•••		•••	¢0
পাপীর খেদ,	•••		•••	<b>¢</b> 8
ভগবান শঙ্করাচার্য	ζ,	•••		49
্ঝড় রৃষ্টির পর,		•••	•••	ap
কাশীম বাজারের :	ধ্বংস	• • •		<b>6</b> 9



কবিতালহরা

#### ঈশ্বরস্তোত্র।

পরমেশ করুণা আধার,
সর্ব্ব জনে সুকুপা তোমার,
কি নর অচল বাসী, কিয়া হে ভোগবিলাসী,
সবে সম দেখ বিশ্বাধার। ১।
অতি ক্ষুদ্র কীটাসুনিচয়,
কিয়া ভীমদেহি হস্তিচয়,
সবাকেই সমরূপ, দেখ ওহে বিশ্বভূপ,
প্রকাশিয়া করুণা অভয়। ২।
লইবারে কুসুম সুবাদ,
নাসিকা দিয়াছ অবিনাশ,
গ্রহণে যুগল কর, দিয়াছ হে মনোহর,
বাহে জীব পায় মনোল্লাস। ৩।

বিশ্বশোভা করিতে ঈক্ষণ,
দিয়াছ হে যুগল নয়ন,
নিশির শিশির জল, রক্ষা হেতু সুকোমল,
কেশে শির করেছ শোভন। ৪।

অম তিক্ত মিষ্ট আদি রস,
আস্বাদিতে জিহ্বা সুসরস,
শুনিতে প্রবশ্বয়, দিলে প্রস্তু দ্য়াময়,
তব গুণে বন্ধ দিক দুশা ৫।

বিশ্বচক্তে যুরে অনিবার,
মাদ তিথি ঋতু আদি বার,
এক আদে এক যায়, পুন এক আদে হায়।
প্রভা তব করুণা অপার। ৬।

নিশানাথ হোল অস্তাগত, মনোহর প্রভাত আগত, কুজিল বিহঙ্গগণ, নব শোভা ধরে বন, প্রস্থানে শোভিত তরু যত। ৭। অম্বরে নৃতন দিবাকর, প্রকাশিয়া কিরণ নিকর,

উজ্জনিল দিক দশ, গাইল তোমার যশ, সক্কভজ্ঞ নরের অন্তর।৮।

> দিপ্রহরে উষ্ণ অর্ক-কর, তরুলতা তপ্ত নিরন্তর,

শাখীর শাখায় পাখি, পক্ষ মাঝে চঞ্চ রাখি, বিশ্রামের হোল অনুচর। ১।

> পুনঃ সমুদিত সন্ধাকাল, লুকাইয়া স্বকিরণ-জাল,

অস্তাগত হলো রবি, প্রকাশিয়া মান ছবি, উঠিল অমুরে নিশাপাল। ১০।

> ধরণী ধরিল নব বেশ, পেয়ে পুন মূতন নরেশ,

সুধাংশু কিরণে যত, তরুলতা শত শত, শোভিত হইল সবিশেষ। ১১।

> নম নম জগতের পতি, প্রভু তুমি অগতির গতি,

গাইতে তোমার যশ, করি মন অনলস, কি লিখিব আমি মূঢ় মতি। ১২।

#### নিশীথ সময়ে পরিজ্ञমণ ও চিন্তা।

আহা। কিবা মনোহর নিশীথ সময়। বর্ণিতে ভারুক মন ঢল ঢল হয়॥ বিগত হয়েছে দিবসের কোলাহল। বিশ্রাম-শ্যায় মগ্ন মানব সকল। দিবদে যে স্থান ছিল জনতার স্থল। ব্যবসায়ী ব্যস্ত যথা ছিল প্রতিপল। এখন সে স্থানে প্রান্তি করেন বিরাজ। লইয়া কোমল অকে মানক সমাজ। যেমন প্রস্থৃতি কোলে যত শিশুগণ। নিদ্রাভরে রয় সবে হয়ে অচেতন॥ তেমতি নিদার কোলে জীব অগণন। ঘুমে ঘোর হয়ে সবে আছে বিচেতন॥ মানব মান্স জলে চিন্তার তরঙ্গ। এসময়ে নাহি বহে করিয়া বিরঙ্গ ॥ যোগীগণ যেইরূপ একতান মনে। ্চক্ষু মুদ্দি করে ধ্যান জগৎ কারণে॥ সেই রূপ জীবগণ এমন সময়। বেন ঈশ ভাবে সবে এই বোধ হয়।

কিন্তু এ স্থাথের কালে রূপণ নিচয়। অতীৰ চঞ্চল ভাবে সদতই রয়॥ চমকিত ভাবে গৃহে এ ধার ও ধার। চৌর ভয় তরে ফিরে দেখে অনিবার 🛭 মূষিকের ধীর শব্দে তাহার পরাণ। দেহগেছে নাহি থাকে পূর্ব্বের সমান 🛭 শয্যা হতে উঠিয়া সে তখন সত্তরে। গণিয়া আপন ধন মনঃস্থির করে॥ বনে হতে ফিরে আসি বিহঙ্গম চয়। যেমন শাবক দেখি আনন্দেতে রয় । যামিনীর আয়ু অর্দ্ধ হয়েছে বিগত। উদিত নিশার নাথ রাজ্যেশ্বর মত॥ রাজরাজেশ্বর সম অম্বর আসনে। পারিষদ সম লয়ে তারা অগণনে ॥ করিছেন রাজকাজ রাজদও ধরি। রাখিতে প্রভুর মান অতি যত্ন করি॥ মাগধ সমান পোঁচা মর্ত্ত্যেতে বসিয়া। গাইতেছে রাজ-যশ আনন্দে রসিয়া 🛭 মিঁবিট রাগিণী ছাড়ি সবে এক স্বরে। ঝিঁঝিঁ পোকাগণ সকলেতে গান করে॥ চকোর চকোরীগণ করি বহু ঠাট। রাজার সম্মুথে আসি করে তারা নাট্।। দিবসেতে ছিলা স্লান কুমুদী রূপসী। এখন প্রকুল হিয়া দেখিয়া হে শশি॥ সরোবরাসনে বসি মেলিয়া নয়ন। পতি প্রতি এক দুফে করে নিরীক্ষণ।। পিনিনীর হইয়াছে এবে হুখ শেব। নাহি সে পূর্বের আর মনোহর বেশ। স্বামীর বিহনে যেন বসন্ত সময়ে। রয়েছে বিধবা অতি হুখিত হৃদয়ে॥ নাহি সেই মধুকর যেবা মধু-আশে। সদত আসিত সুখে প্ৰিনী আবাসে 🛚 কৌমুদী কিরণে চারিদিক্ শোভাকর। কাহার না হয় দেখি আহ্লাদ অন্তর॥ কৌমুদী আভায় ভয় ভরে অন্ধকার। কোপের মাঝেতে ঢাকে দেহ আপনার॥ তরু গুলা সব শুভ্র করি নিরীক্ষণ। रान वनरमवी आंकि छेर मरत मनन ॥ গন্ধরাজ মলিকা মালতী আদি করি। এখন ফুটিছে কত কুল আহা মরি॥

তাহার স্করভি আহা অনিল বহনে। সর্ব্ব জীব নাসা তৃপ্ত করে প্রতিক্ষণে॥ পাদব পাতায় পড়ে নিশির শিশির। ভাব ভরে যেন অঞ্চ পড়ে প্রকৃতির॥ সর্ সর্ শব্দ হয় পাতায় পাতায়। স্বভাব যেন হে ধীরে ঈশ গুণ গায়॥ এমত কালেতে আমি অতি ধীরে ধীরে। উপস্থিত হইলাম ভাগীরথী তীরে॥ ममीत्र ज्दा पाटन जंत्र निष्य। তাহে চন্দ্র কিরণ করয়ে শোভাময়॥ গুপ্ গাপ্ টুপ্ টাপ্ করি মীনগণ। জলের মাঝারে ক্রীড়া করে অগণন॥ তরির উপরে বসি নাবিক সকলে। হঁকা লৈয়ে করে গায় সারি কুতুহলে॥ অদূরে নগর হতে প্রহরী গর্জন। থাকি থাকি এই কালে পূরিছে শ্রবণ।

কোন যবন নৃপ কোলাপুরের এক বীর্য্যবভী হিন্দুরমণীর কন্যাকে বল প্রকাশ করিয়া হরণ করিতে স্থির-প্রতিজ্ঞ হওয়াতে ঐ নারীর পুত্রীর প্রতি উক্তি।

এই খরতর তরবার,
লহ প্রিয় উপহার।
কি দিব তোমারে স্থতা, তুমি বহু গুণযুতা,
ইহা হতে শ্রেষ্ঠ পুরস্কার॥

জ্ঞানহীন ঘবনকুমার, নরাধম হুরাচার। বলবীর্য্যহীন দেহ, রহিত মমতা স্নেহ, পশু সঙ্গে তুলনা ঘাহার॥

শিবজীর বংশে অবতরি, মোরা যতেক স্থন্দরী। সতীত্ব অঙ্গের ভূষা, অরুণে শোভিতা উষা, যথা রয় ব্যোম আলো করি॥ প্রাণাপেক্ষা মোরা কুলমান,
করিহে অমূল্য জ্ঞান।
অপর পুরুষ কেহ, স্পর্শিতে না পারে দেহ,
না সহিব কভু অপমান॥
কর্মদেবী পদ্মিনী সুন্দরী,
গেলা ভব পরিহরি।

রাথি এ ভবমাঝারে, কবিতা মুকুতাহারে, খ্যাতি সদা সমুজ্জল করি॥

ঐ প্রকার বীরাঙ্গনা সম, কীর্ত্তিফুল অনুপম। ভব-উদ্যান-মাঝারে, স্বতন বারিধারে,

জীবিত করিবে স্থতা মম।

সুপবিত্র রুধিরের স্রোত, সাধিবে মঙ্গল ত্রত। তুষ্ট হয়ে দেবগণ, প্রলোকে অসুক্ষণ, প্রীতি সুধা বর্ষিবেন কত।

# তুষারাবৃত গিরি।

কি শোভা ধরেছে এবে এই গিরিবর। বিমল তুষারায়ত সর্ব্ব কলেবর॥ ষুমে ঢুল ঢুল যথা কৈলাসের পতি॥ রজত জিনিয়া কান্তি প্রকাশিছে ভাতি॥ আকাশের স্থেশস্ত চন্দ্রতিপ তলে। গন্তীর প্রকাণ্ড গিরি মূর্তি ঝলঝলে॥ পড়েছে তাহাতে বাল অরুণের ছটা। রজত কাঞ্চন উভরংয়ে করি ঘটা॥ মুকুর ভ্রমিয়া স্থর স্থন্দরী নিকর। দেখিবে অদ্রির অঙ্গে আনন স্থানর॥ সমস্ত স্বভাব হেরিএ মূর্ত্তি মহান। আহলাদে মগন হয়ে করিছে সম্মান॥ আনিয়া প্রস্থুনগন্ধ স্থমন্দ পবন। অসুগড ভৃত্য সম করিছে ব্যজন।

### विश्वनाशक युवा।

শীতে কম্পানিত দেহ, ত্রিজগতে নাহি কেহ। আঁখি নিরস্তর, কারে কার কার, রক্ষমূল হয় গেহ॥

ছেঁড়া কাস্থা একটুক,
চাকিয়া রেখেছে রুক।
গাত্রে উড়ে খড়ি, রোজ তাপ পড়ি
মলিন হয়েছে মুখ।

চাঁচর চিকুর কেশ, যাহাতে যত্ন অশেষ। এবে সেই চুল, হইয়া বিপুল, আচ্ছাদিছে পৃষ্ঠদেশ॥

থেদেতে মলিন আঁখি,
স্থিত্যতাবে থাকি থাকি।
কেঁদে উঠে প্রাণ, নাহি কোন স্থান,
তৃপ্তি হেতু মনোপাথি।

কে আছে এমন জন,
করে হৃঃখ বিমোচন।
হেরে এই হুখ, সকলে বিমুখ,
গতি মাত্র নিরঞ্জন॥

# আইসলও দীপের সমুদ্র উপকুলে দণ্ডায়মান জনৈক ভারতব্যীয়ের বিলাপ।

কোথা সেই সুমোহন ভূষণে ভূষিত,
নানা অলঙ্কার যথা মণ্ডিতা যোষিত।
শ্যামল ধরণী গলে ফুল বতুহার,
প্রহ্যমের কুঞ্জবন শোভা চমৎকার।
পবন হিলোলে যথা প্রস্থনের বাস,
অবিশ্রান্ত দশদিকে বহে বার মাস।
নর পশু পক্ষী নাসা সদা ভৃপ্তি করে,
সন্তাপিরা মনোস্থা যথা কাল হরে।
কোথা সেই মনোহর আনন্দ ভবন,
কোথা বা সে হাস্যুক্তপ্রকৃতি বদ ন।

প্রভাতে মাগধসম বিহঙ্গ সঙ্গীত. করিতে আনন্দনীর হৃদে উচ্ছলিত। শিশিরের বিল্ফু হেরি দুর্কাদলোপরি, উপজিত কত সুধ আহা মরি মরি। কোথায় পৃথিবী প্রান্তে করিতেছি বাস, না পাব দেখিতে আর জনম আবাস। অভাগা মানব আমি ৷ কত হুখ স্ব, জীবনে হইয়া হত কিরূপেতে রব। ভারতের সংখ্যাতীত নগর স্থন্দর. ''ভারতে '' বর্ণন আছে যার বহুতর॥ পৃথিবীর সভ্যতার দৃষ্টান্তের স্থান। প্রজাচয় যথা সুখে তৃপ্ত করে প্রাণ॥ যথা চন্দ্র সূর্য্য বংশ নৃপতি নিকর, প্রজার পালনে খ্যাতি লভিলা বিস্তর ॥ কোথা সেই সুরপুর অমর নগরী! কোথায় গোমতী গঙ্গা নদীর ঈশ্বরী। কোথা আমি কোথা সেই মনোহর দেশ। জীবমাত্র যথা নাহি সহে কফ লেশ। বাণিজ্যের বাসনায় ছাড়ি নিজদেশ। পোত আরোহণে সহিলাম নানা ক্লেশ।

ভাঙ্গিল বাণিজ্য তরি—দৈবের ঘটন করি আমি এক খানি কাষ্ঠাবলম্বন— বাঁচালেম বহুকটে এছার পরাণ— উতরি এদ্বীপকূলে, (বিভু দিলা স্থান) আংগ্রেয় গিরিতে বেড়া মেখলা সমান। এই ভয়ক্কর দ্বীপ দেখে উড়ে প্রাণ। তুহিনে আরত ভূমি ধবল বরণ, তৃণ, লতা, গুলা আদি না জমে কখন। সদা ভূমিকম্পে মনে উপজয় ভয়, বুঝি 'পিপিয়াই" সম হবে দেশ লয়। ঝামার পর্বত কত শত ভয়ঙ্কর— ভ্রমেনা যেখানে পশু বিহগ নিকর। ভীষণ দর্শন কুর্ম ভ্রমে কোন স্থানে, দেখিলে উপজে শঙ্কা হঠাৎ পরাণে। তিমি তিমিঙ্গিল সিল, সমুদ্র মাঝারে নিযুক্ত চঞ্চল চিতে কীটের আহারে, প্রকৃতির অতি প্রিয় ভূযণ স্বন্দর। প্রসুন সমাজে মান্য শোভার আকর— टेनवानिनी—योश मना त्नटव वोद्धा करत, রাখিবারে বপুদেশে অতি যত্ন ভরে।

নাহি সেই সরোবর যথা এই ফুল,— সৌরভ বিস্তারি ডাকে যত অলিকুল। গুণগ্রাহী জন সনে যথা গুণিগণ, বাইয়া হৃদয় তৃপ্ত করয় আপন। কোথা আমি কোথা সেই প্রিয় পরিবার, কোথায় কুমার তুল্য কুমার আমার। চারুশীলা মধুর ভাষিণী জায়া মম, এ সংসারে বন্ধু নাই যেই জন সম— এখন কোথায় হায় ! রহিলা সেজন যাহার দর্শনে সদা সুখী হোত মন। হা প্রভু! করুণা কর জগত ঈশ্বর! কেমনে সহিব এই যাতনা বিস্তর। জানি, তুমি সর্ব্ব জনে কর দয়া দান— তবে কেন এ যাতনা সহিছে পরাণ— না-না, তব দোষ নাই আমি পাপী জন, সে কারণে সহি এই দারুণ পীড়ন ! স্বভাবের শোভাহীন ভীষণ এদেশ— রহিয়া যথায় কত সহিতেছি ক্লেশ ! কোথার সে আদ্রি শ্রেষ্ঠ গিরি হিমালয়, কুষ্কুম প্রস্থান বুণা প্রস্কৃতিত হয়।

কস্তুরী স্গশাবক যথা সুখ ভরে नव ज्न थिए। ज्या कन्मद कन्मद । তুষারে আর্ত শৈল চূড়া সদা রয়— উপত্যকা দেশে শোভে বাল তৃণ চয়। হলধর অঙ্গে যথা সুনীল বসন— ধরয়ে অপূর্ব্ব শোভা না হয় বর্ণন ! त्रात्तिक जूहिन कतरा व्यक्तक, হেন বুঝি একথানি রূপার স্তবক। চক্রোদয়ে গিরি শির নবশোভা ধরে। পড়িয়া কোমুদী আলো তুষার উপরে॥ দৰ্পণ বোধেতে যাহা স্বৰ্গ বেশ্বাগণ। আনন্দে মাতিয়া দেখে প্রফুল আনন। স্বজায়ার সনে আসি দেব স্ত্যুঞ্জয়। বেড়ান সুখৈতে হেথা নিশীথ সময়॥ শোভা ধরে অতিশয় এই হিমাচল। প্রশংসয় যার দৃশ্য কবিরা **সকল**॥ (ধূনিত কাপাস কিমা খেতমেঘরাশি, কিংবা স্তুপ করা আছে শঙ্করের হাসি ) গোমুখীর মুখ হতে স্নর্মল জল। নদীরূপে বাহিরিছে হইয়া প্রবল।

"কুমার" ও "মেঘদূতে" কবি কালিদাস। এ গিরির কত গুণ করিলা প্রকাশ॥ " মালতী মাধবে " ভবভূতি কবিবর। প্রশংসিলা নানামতে এই মহীধর॥ " কিরাতার্জুনীয় " কাব্যে স্থকবি ভারবি। বর্ণন করিলা কিবা এগিরির ছবি॥ এইরপ কবিগণ এগিরি বর্ণনে। রচিলা বহুল গাথা স্থাব্য প্রবণে॥ পঠিলে সে সৰ কাব্য ভারুকের চিত। এককালে প্রেমানন্দে হয়গো মোহিত॥ কিছার ররাব বীণা বাঁশরীর স্বর— ইন্দ্রের সভায় যাহা বাজে নিরস্তর॥ শুনিবে কি এ প্রবণে সেই কবিগান, বন মাঝে কোকিলের কাকলি সমান. ' জয় দেব " পাঠে কত দিন এ নয়ন. আনন্দে প্রেমের বারি কৈলা বিসর্জ্জন। না হবে সে দিন আর কভু সমাগত। জগতে অভাগা নাই এজনের মত॥ স্থান করি গঙ্গাজলে প্রভাতে উঠিয়া। করিয়াছি সাম গান ভক্তি প্রকাশিয়া॥

শুনিয়া শ্রুতির গীত প্রতিবাদিগণ। মম স্বর প্রশংসা করেছে সর্বক্ষণ॥ কোথায় রহিল হায়! সে দিনের সুখ। ত্বরদুষ্ট মোর এবে বিধাতা বিমুখ। কেদারা, শঙ্করা, টোড়ি, রাগিণীর গীত। কত দিন এই কর্ণে হয়েছে পূরিত। প্রচণ্ড বায়ুর শব্দে এখন শ্রবণ। করিতেছে পরিতৃপ্ত সদ। সর্বক্ষণ॥ আর কি হেরিব দেই জনম আবাস ? যথা নাই হুখ লেশ সুখ বার মাস। কোন দিন আশা তুই করি রূপা দান। এই কথা বলি তৃপ্ত করিবিরে কান॥ ''হুখ নিশা হে হুর্ভাগা, হলো অবসান দেখিবেক পুনরপি তব জন্ম স্থান-মিলিয়া তথায় তব বন্ধু পরিবার; কতই দিবেক সুখ বর্ণনে অপার " আর কি দে দিন মম হবে সমাগত। যখন এতুখ মম হইবে বিগত॥ পরমেশ। মুক্ত কর্ পাপীর এ দায়। जुमि ना कतित्व महा नाहिक छेलाहा॥

# কোন নৃপের সংসারিক স্থথে বিরাগ প্রকাশ।

---

নাহি চাই রাজ-পদ নাহি চাই ধন। সুরম্য প্রাসাদে মোর নাহি প্রয়োজন। কিনখাব মখমলের পরিচ্ছদ যত। বিঁধে মোর অঙ্গে লোহ শলাকার মত। গলকগুর হীরকের বহুমূল্য হার। নয়নে এখন বোধ হয় অতি ছার I বন্দীদের স্তুতিবাদ শুনিয়া প্রবণে। আহ্বাদ প্রকাশ আর নাহি করি মনে॥ দ্বণিত পশুর মত খোসামুদে গণ। তুষিতে আমারে করে বিস্তর যতন ॥ কিন্তু তাহাদের কথা হেয় জ্ঞান করি। শক্র উপদেশ বোধে কর্ণে নাহি ধরি॥ রাজ কবি মোর যশ বর্ণন কারণ। রচেছে অসংখ্য কাব্য কর্ণ বিনোদন॥ পাঠ করি সেই সব কবিতা নিচয়। কিছু মাত্র নাহি হয় আনন্দ উদয়॥

এসংসারে নাহি সুখ ছুখের সদন। পর হিংসা মিথ্যা বাক্যে রত লোকগণ॥ থল জুয়াচোর শঠ যাহার। এখানে। তাহারাই বড় লোক দশ জনে মানে॥ किरम इरव वर्ष श्रेष किरम इरव धन। সংসারির এ চেটায় ব্যস্ত সদা মন॥ অধার্ষিক বিশ্বাসঘাতক দেখি সবে। এ সব লোকের বল কোথা সুখ হবে॥ অসীম ঐশ্বর্য্য আর প্রিয় পরিবার। িরেখে চলে যাই বনে তেয়াগি সংসার॥ পাতার কুটীর স্বথে বাঁধিয়া তথায়। ভাবিব পরম ত্রন্মে দীন দয়াময়॥ উষাকালে বৈতালিক সম দ্বিজ গণ। মধুর স্বরেতে ডেকে করিবে চেতন॥ সুমন্দ অনিলে আনি প্রস্থনের বাস। আমার হৃদয়ে দিবে অসীম উল্লাস।। নিসর্গের মনোহর শোভা নির্থিয়া। তুষিৰ এখানে মোর সন্তাপিত হিয়া॥ পাত্ম কোলে স্থমপুর মধুকর গান। শুনিয়া প্রভাতে তৃপ্ত করিব পরাণ॥

পূর্ণিমা নিশিতে আমি অতি ধীরেই।

যাইব আনন্দ চিতে স্রোতস্বতী তীরে॥

হেরিব তথায় শশী তারকার হার।—

পরিবেক নদী; (আহা শোভা চমৎকার)॥

গোধূলিতে স্কুচিত্রিত হেরিয়া আকাশ।

উপজিবে হৃদয়েতে অতীব উল্লাস॥

এখানে এসব সুখে কাটাইব কাল।

দূরে যাবে সংসারের যত চিন্তা জাল॥

ত্রিসন্ধ্যায় ভক্তি ভাবে করি বিভুগান।

পবিত্র করিব আমি এ পাপ পরাণ॥

কবিবর নাইকেল মধুসূদন দত।
মধুসম মধুমাসে মোহন বাঁশরী।
বাজান নিকুঞ্জবনে রাধাকান্ত হরি॥
শুনি গোপ গোপীগণ আনন্দে বিহ্বল।
চকিত স্থগিত নেত্রে হেরে বনস্থল॥
তেমতি বংশীর নাদে শ্রীমধুসুদন।
প্রেমানন্দে ভাসাইলা গোড়জন মন॥
বীরাঙ্গনা, ব্রজাঙ্গনা, তিলোভ্যা মুখে।
তানলয় সঙ্গীতের ধনি শুনি সুখে॥

পুন মেঘনাদ মুখে রণ ভেরি শুনি।
সদর্পেতে বীর হিয়া জাগিল অমনি॥
নবরস প্রপৃরিত তোমার সঙ্গীত।
কাব্যপ্রিয় বাঙ্গালির যাহে জন্মে প্রীত॥
কাব্যের কাননদিকে পুন কর্ণ ধায়।
শুনিতে নৃতন স্বর তোমার গাথায়॥

#### কপালকুওলা।

কে তুমি যোগিনীবেশে বৃদ্ধিম নয়নে।
ত্রাণকর্ত্রী ভবানীরে ভাবিতেছ মনে॥
যুবতী হইয়া কর ভৈরবী সাধন।
সংসারেতে প্রীত নাই সদা ক্ষুণ্ণ মন॥
পক্ষজবদনী বামা মুক্ত চারুকেশ।
পর্বত ছহিতা যে ভাবেন মহেশ॥
প্রশস্ত ললাটদেশ সরল হৃদয়।
পেয়েছ যবন হস্তে ক্লেশ অতিশয়॥
পরে দ্বিজ কাপালিক বিজন কাননে।
পালিল তোমায় সতী অতি স্বতনে॥

কপালকুগুলা তুমি চিনেছি এখন।
ভুলিবে না তব নাম যত গোড়জন॥
অক্ষিযুগে অঞ্জিবন্দু পড়ে ঘন ঘন।
স্মারিলে তোমার খেদ-পূর্ণ বিবরণ॥

### शृविंग।

কিবা শোভা আহা মরি। শুদ্ধ মরকত মোড়া চারিদিক হেরি॥ পরিকার নীলরঙ্গে শোভিত আকাশ। তাহে স্বর্ণ সিংহাসনে শশির প্রকাশ 🛚 নুপবররূপে শশী শোভে মধ্য স্থলে। ধরি হীরকের দণ্ড স্বকর কমলে। দেখিলে তাঁহার মূর্ত্তি হেন বোধ হয়। হিংসাদি বৰ্জিত সদা প্ৰসন্ন হৃদয়॥ অন্ধাকারময় যত ভাবনা নিচয়। যেন তাঁর হৃদি হতে হইয়াছে লয়॥ " কহিনূর " হৈতে তার উজ্জ্বল বরণ। প্রকাশিছে দীপ্তি কিবা দেখ অনুক্ষণ ॥ মনোহর মুকুট ভাঁহার শিরোপরি। ধরিয়াছে কিৰা শোভা আহা মরি মরি মন্ত্রিরূপে চারিদিক যত তারাগণ। ঘেরিয়াছে নলিনীরে শৈবাল যেমন॥ শশী আর তারারন গগনে শোভিত। দেখিলেই মনপদ্ম হয় প্রফুল্লিত॥ এসব দেখিয়া পরে হোল মম মন। চারিদিকে একবার করি নিরীক্ষণ॥ এহেন ভাবিয়া পরে আনন্দের ভরে। উঠিলাম অতি উচ্চ ছাদের উপরে॥ উঠিয়া যে দিকে আমি নয়ন ফিরাই। সে দিকেই আলোময় দেখিবারে পাই॥ এক ধারে দেখি উচ্চ দেবদারু শ্রেণী। মন্দ২ বায়ুভরে কাঁপিছে অমনি॥ অশ্বত্ম ও বটগাছ শোভে অন্য থারে ৷ করিয়া বিস্তার শাখা নানা দিগন্তরে॥ (मवनाक कार्य विमान (भँगान)। এক দুফৌ শিকার করয়ে অন্বেষণ॥ . আপন শাবকগণে পশ্চাৎ রাখিয়া। তাহার। করয়ে শব্দ থাকিয়া থাকিয়া॥ অন্য দিকে সেই স্বর হয় প্রতিধনি। হঠাৎ শুনিয়া মন চমকে অমনি॥

আন্য দিকে ভেঁট আর শ্যাওড়ার বনে।
ডাকিতেছে শিবাগণে পুলকিত মনে॥
আনতিদুরেতে দেখি কুটীরে বসিয়া।
ক্রবাণ গাইছে গীত আছ্লাদে রসিয়া॥
তাহাদের মধ্যে কেহ লয়ে বেণু করে।
একাকী বাজায় বাঁশী আনন্দের ভরে॥
দিবসেতে পরিশ্রমে দিয়া তার মন।
নিশিতে এরপ রসে হয়েছে মগন॥
এই সব স্বর বিনা নাহি অন্য ধনি।
ঘুমেতে নিষাত ভাবে আছে যত প্রাণী॥
দেখিয়া এসব পরে স্মরিয়া ঈশ্বরে।
প্রবিষ্ট হলেম গুহে শয়নের ভরে॥

#### শোকাতুর বৃদ্ধের খেদ।

নাহিক সে নিশাকর নিশার ভূষণ।
নাহিক সে তারাবলী ব্যোমস্থােভন॥
নাহিক কৌমুদী যেই স্থানীনা বালা।
কীণান্ধিনী বোড়াশী ভূবন সমুজ্জ্বলা॥

না আসে দ্বিজদম্পতী চকোর যুগল। পীতে সুধাকর-সুধা হইয়া বিহ্বল। কঠোর কুরূপা অতি রাক্ষ্মী সমান। অন্ধকার ভয়ঙ্করা যাহার ভিধান॥ গ্রাসিয়াছে সেই হুফা রজনীর শোভা। নিশাকর তারাবলী জগমনোলোভা॥ প্রকার মনোহর ভাব সমুদয়। হ্য়েছে বিগত আর দৃশ্য নাহি হয়॥ আমার এ অন্তরের সেই রূপ ভাব। এখন হয়েছে আহা। সকল অভাব॥ কোথা মন প্রিয়তম প্রাণের কুমার। স্ক্তিণে গুণনয় দিতীয় কুমার॥ কোথা প্রিয়তমা মম সংসারের সার। কোথা গেল কোথা গেল বন্ধু আপনার। নির্ধন হইয়া ধনী যেমন প্রকার। ক্লত্রিম বন্ধুরা ''পথ দেখে আপনার॥" সেইরূপ মোরে ফেলি পুত্র পরিবার। কোথা গেল নিদর্শন নাহি পাই কার॥ বিশ্বরূপ নাট্যশালে করি আগমন। সীয় স্বীয় নটরুত্তি করি **সম্পূ**রণ॥

হা। হা। কোথা গেল তারা ফেলিয়া আমায়। লে হিময় হুর্গে রাখি চিরবন্দী প্রায়॥ যেমন সাগর মাঝে উঠিয়া তরঙ্গ। অন্য তরঙ্গেতে নাশে তাহার বিরঙ্গ। পুনঃ এক ভয়ঙ্কর তরঙ্গ উঠিয়া। নাশে সকলের রঙ্গ বিষম গজ্জিয়া॥ সেই রূপ মম হৃদে চিন্তার তরঙ্গ। এক আদে এক যায় করিয়া বিরঙ্গ। পুনঃ এক শোক চিন্তা হৃদিমাঝে উঠি। পূর্ব্বের সে ভাব গুলি করে কুটি কুটি॥ मकल जीरवत এरव जानम क्रमग्र। কেবল আমার মন অগ্নি সম দয়॥ দিবসের পরিপ্রম করি সমাপন। এ যে ক্লয়ক করে বাশরী বাদন॥ তানপুরা লয়ে কেছ রাগ রঙ্গভরে। পরজ বেহাগ আদি রাগালাপ করে॥ প্রণয়ী এখন ভাসে প্রণয় তরঙ্গে। প্রণয়িনী সনে ভাষে নানা রস রঙ্গে॥ সুখী গৃহস্থের কিবা আনন্দ অপার। নাহিক হুখের লেশ সুখ অনিবার॥

এখন ধনাত্যগণ আহ্লাদে মগন।
সুখেতে আহার করে লয়ে বন্ধুগণ॥
কিন্তু কোথা সুখে মগ্ন আমার হৃদয়।
সহত্র হুখেতে সুধু হয়েছে বিলয়॥
অহো! জগদীশ বিভো দীন দয়ময়।
দয়াকর দয়াকর দীনেশ অভয়॥
লয়ে তব নিকেতনে হুখ কর শেষ।
কাতরেতে এই ভিক্ষা চাহি পরমেশ॥

### বসন্ত।

অহা। কিবা মনোহর।
বাসন্তীয় পূর্ণিমার নিশি দ্বিপ্রহর॥
অসীম প্রশস্ত ব্যোম ঝলকিছে কিবা।
হিমাংশুর কিরণেতে বোধ হয় দিবা॥
লজ্জিতা কামিনী সমা তারকানিকর।
স্তু মন্দ হাস্যে আস্য প্রকাশে তৎপর॥
রপবতী কোমুদী সতীর হাস্যছটা।
দেখ কিবা বনস্থলে করিয়াছে ঘটা॥

যতেক আরত স্থল অদ্রির কন্দর। ত্বফ অন্ধকার রয় ভাবি নিজ ঘর॥ ( হেরিয়া ধর্মের জ্যোতি পাপীর অন্তর। ভয়েতে কাতর, অঙ্গকাপে থর থর )॥ নূতন হজিত বুঝি অদ্য এই ভব। হেরি অভিনৰ শোভা হয় অনুভব॥ চন্দ্র তারা রক্ষ লতা সকলি মূতন। যেন ঈশ স্থাজিলেন এ নব ভুবন ॥ প্রতি দিন ধীরে ধীরে আমি এই স্থলে। এসে থাকি বৈকালেতে অতি কুতৃহলে॥ কিন্তু এতাদুক সুখ কখন আমার। হৃদি মাঝে উপস্থিত হয় নাই আর ॥ দিবাভ্ৰমে যত সব কোকিল কলাপ। আনন্দে মধুর স্বরে করিছে আলাপ ॥ মুকুলিত সহকার মধুলোভে অলি। গুন গুন রবে মধু পিয়ে ভাঙ্গি কলি॥ গোলাপ প্রস্থনেশ্বর ফুটিয়া এখন। বিতরি স্থরভি স্বীয় তৃপ্ত করে মন॥ মলিকা মালতী এবে শ্বেতাম্বর পরি। মলয়ানিলেরে দেয় আণ ভেট ধরি ॥

আনন্দে মগন অতি সমস্ত স্বভাব। প্রিয় স্থা বসন্তের করি সঙ্গলাভ ॥ ( যথাচির বিরহিণী বহু দিনান্তর। পাইয়া নাগর মণি প্রফুল অন্তর॥) রাখাল তেয়াগী নিদ্রা কানন ভিতর। বাজায় বাঁশরী কিবা কর্ণ তৃপ্তিকর॥ হা! কি দেখির ঐ বকুলের তলে। বীণা হাতে সীমন্তিনী বক্ষ ভাষে জলে॥ ( রাত্রি যাগি গন্ধরাজ নিশি পুষ্পেশ্বর। তুহিনে আরত যথা হয় কলেবর )॥ অঙ্গ অভরণ হয় বকুলের মালা। যাহে দশদিক কিবা করিছে উজ্জ্বা॥ বদন মণ্ডল কেন এমন মলিন। (অপূর্ব্ব গোলাপ শোভা রৌদ্রেতে বিহীন)॥ প্রেম পূর্ণ অক্ষিযুগ ক্রন্দনের তরে। কভুনা স্থাজিত হৈল চতুর্মুখ করে॥ তবে কেন শোকেতে কাতরা এই সতী ? বিঘোর নিশীথ কালে উদ্যানেতে গতি॥ ( যতেক কুমুম কিন্তু বিধির স্জনে। সমশোভা নাহি দেয় সংসার কাননে )॥

শুনহে ভারুক তার আছুরে কারণ। নায়ক বিরহানলে সন্তাপিত মন॥ বসন্ত বাহারে প্রিয় বিরহের গীত। গাইছে শুনিয়া যাহা অহিও স্কুন্তিত॥

# প্রেমিকার সঙ্গীত।

(ওহে প্রাণপ্রিয়) সূর্য্য হলো অস্তমিত।
গোধূলি পাইয়া চন্দ্র হয়েন উদিত॥
মদ্জিদ উপরে অলপ সূর্য্যের কিরণ।
চক্ চক্ করে কিবা স্কুলর দর্শন ।
১ নিস্তক্র হইল এই বিশ্ব চরাচর।
গোলমাল হীন গৃহময়দান নিকর॥
প্রেমের রহস্য কথা কেবল বুলবুল।
নিবেদন করে যথা গোলাপের ফুল॥২
কেবল করে করে শব্দে নির্কর নিকরে।
মুক্তাসম জল বিন্দ্র নিয়ত উগরে॥
যথা মধুময় অতি প্রেমের কথন।
তব মুখ পদ্ম হতে হয় নিঃসরণ॥৩

সুবিস্ত ত অতি শুভ্ৰ গগন মণ্ডল। কোটি২ তারকায় করে ঝলমল॥ ইচ্ছা হয় তেজি এই হ্রঃখের সংসার। ভুঞ্জি দোঁহে তথা গিয়ানিত্য সুখ সার॥ ৪ কিন্তু সেই তারাচয় হীরকের মত। নিশাকালে আকাশেতে দীপ্তি দেয় কত॥ একটীও সে স্থন্দর তারকার সনে। তব অক্ষি যুগ সহ তুলনা কে গণে ?॥ ৫ ছোট ছোট গাছে ঢাকা জঙ্গল নিচয়। জোনাকীর মালা পরি সুশোভিত হয়॥ বেন সেই বাতি এক প্রেম ভরসার। তুষিতে এদেছে ক্ষণে অন্তর আমার॥ ৬ প্রকৃতির গলে শোভে যেই ফুলহার। মুক্তাহার যার কাছে তুলনায় ছার॥ সেই প্রস্থনের গন্ধ নলয় পবন। আনিয়া বিস্তারে চারি দিকে প্রতিক্ষণ॥ १ পুষ্প লতা তারারন্দ চাঁদের মগুল। নিঝর বুলবুল পাখী ইহারা সকল॥ মোদের এ প্রেম অনুরাগ ও মিলন। নয়নে হেরিয়া থাক সাক্ষীর মতন ॥৮

# দ্বিপ্রহরে ভাবুকের জ্মণ।

যবে রবিতাপে দগ্ধ পথিক চরণ। যবে পাখী শাখাপরি শ্রান্তিতে মগন। যবে করী শূকরী অতীব ক্লান্ত ভরে। নিপানের জলে অঙ্গ সুশীতল করে॥ ভবের ভাবুক এক এমন সময়। অতিশয় ধীরে ধীরে উদ্যানে উদয়॥ সহকার কুল যত সে নিকুঞ্জ মাঝ। বাসন্তীয় মুকুলেতে করিয়া সুসাজ ॥ সুগন্ধ সুমন্দ মন্দ তথায় বিস্তারি। ভাবুকের মনোপদ্ম লইল হে হরি॥ काँदिक काँदिक कुल मदन मधुकतीशन। চূত মুকুল মধু পীবারে মগণ॥ যেন জীবগণ হ্রখ দেখিয়া প্রচুর। সহকার তরুগণ করিবারে দূর॥ একে একে শাখা পত্র সকলে বিস্তারি। নিষ্ঠুর রবির তাপ লইতেছে হরি॥ প্রকৃতির চন্দ্রাতপ ঝুলিয়া অম্বরে। যেন জীবগণ কন্ট লইতেছে হরে॥

শীতল পাদপ মূলে ভাবুক সুজন। বসিলেন স্থির ভাবে শ্রান্তির কারণ॥ বসিয়া আহ্লাদ মনে ভক্তি রসে রসি। স্বভাবের শোভা হেরি দূর মনো মসী॥ দূরেতে কুষক বাস সহকার মূলে। গাইছে মধুর গীত অতি কুতৃহলে॥ ক্ষকের মুখে শুনি হেন স্ক্সংগীত। ভাবুকের মনে কত উপজিল প্রীত॥ শাখা মাঝে কুহু কুহুরবে পিকবর। জীব কর্ণ মূল তৃপ্ত করে নিরন্তর॥ দেখি শুনি ভারুক এ শোভা মনোহর। কত সুখে সুখী তাঁর হইল অন্তর॥ ক্রমে ক্রমে দ্বিপ্রহর হয় অবসান। দেখি ধীরে উঠিলেন ভারুক মহান॥ জয় জগদীশ
 লে তেয়াগি কানন। ভাৰভৱে চলি গেলা আপন ভবন॥

#### मगमा।

্রাহা কিবা ঈশ্বরের অনন্ত কৌশল।"

### পূরণ।

সরস বরষা ঋতু হইল উদয়। প্লাবিত হইল ধরা সবজল ময়॥ গগনে সঘনে ঘন গরজে গভীর। নিরবধি বরিষণ করিতেছে নীর॥ চাতকের পাতকের হোল সমাধ।ন। ইচ্ছামত জলধরে করে জলদান॥ একেবারে সব হইয়াছে তল তল। আহা কিবা ঈশ্বরের অনন্ত কৌশল॥ ১ ' স্বভাবের শোভা কিবা হায় হায় হায়॥" ভয়ক্ষর বারিধারা মেঘের গর্জন। সকল হয়েছে গত নিৰ্ম্মল গগন॥ ময়ুর ময়ুরী আর পাপীয়া সকল। ডাকে নিজ নিজ রবে ঝাড়ি অঙ্গ জল॥ পড়িয়া রফির বিন্দু দূর্কাদলোপরে। মুকুতা মালার ন্যায় আছে শোভা ধরে॥

এ হেন স্ফির আর তুলনা কোথায়।
স্বভাবের শোভা কিবা হার্য হায় হায়॥২

'থলের স্বভাব হায় একি চমৎকার

পেটেতে গরল ভরা মুখে মধুভাষ।
বাহিরে সৌজন্য কত করেন প্রকাশ॥
সাধিতে পরের মন্দ সদা মন ধায়।
পর স্থথে রয় অতি অপ্রফুল্ল কায়॥
যদি কোন লোক পড়ে হঃথের সাগরে।
তবে তারে দেখে হাঁসে খল খল ভরে॥
কুঠার হইতে তার হৃদয়ের ধার।
খলের স্বভাব হায় একি চমৎকার॥ ৩

"কোথায় রহিল সে দিন হায়।"

যে কালে লোকেতে আনন্দ ভরে।
ভাবিত একই পরমেশ্বরে॥
দেবদেবী আর নর পূজন।
যে কালে লোকের না ছিল মন॥
এক মাত্র সেই ত্রন্মের প্রতি।
যে কালে সবার ছিল ভকতি॥
ভক্ম ধর্ম যবে ছিল এথায়।
কোথায় রহিল সে দিন হায়॥৪

# वा अतक एक दित अक्षम र्गन ।

(ইংরাজি কবিতার মর্মান্থবাদ।)

জিনিয়া অমর পুর শোভিত ভবন। নানা মণি মাণিক্যেতে আছে স্থশোভন॥ खनिटिं मरनार्व नीन मीर्थ हरा। করিছে শোভিত গৃহ, অতি আলোময়। মখমল শ্যোপরি করিয়া শয়ন। আছেন ভূপাল, দেবে দাস দাসীগণ॥ এমন সুখের মাঝে থাকি ভূপবর। তথাপিও চিন্তাযুক্ত রন নিরন্তর 🛭 পূর্বাকৃত পাপরাশি মারি সর্বাক্ষণ। উপজিছে হৃদয়েতে বিষম বেদন ॥ অনর্থক চেষ্টা করা সুযুপ্তির তরে। চলি গেছে নিদ্রাদেবী অতীব অন্তরে॥ ক্লত পাপ চয় যত করিয়া স্মরণ। হইছেন পুনঃ পুনঃ হুখেতে মগন ॥ বহুক্ৰ পৰে তৰে ছির হল মন। ক্রমে ক্রমে নিদ্রা আসি করে আকর্ষণ ॥

দেখিলা স্বপন এক অতি ভয়ন্কর। বর্ণিতে বর্ণনাধার কাঁপে থর থর॥ বীরবর মুরাদ সম্মুখে দাঁড়াইয়া। গভীর ৰচনে কন ক্রোধ প্রকাশিয়া॥ কিজন্যে নিষ্ঠ র নৃপ অন্তরে তোমার। হয়েছিল অতিশয় ক্রোধের সঞ্চার॥ যাহে করেছিলে মম শির খান খান। বল বল বল তাহা করিয়া বাখান ? মুরাদের ভূত যোনি এতেক বলিয়া। অদুশ্য ভাবেতে কোথা যাইল চলিয়া॥ আওরঙ্গজেব হেরি এই সমুদ্য। ভয়ে আকুলিত তাঁর হইল হৃদয়॥ পুনর্কার স্বপ্ন এক পাইয়া দেখিতে। উঠিলেন নূপবর অতীব চকিতে॥ সোলেমান আর দারা এই ছই বীর। আসিয়া তাঁহারে কন গার্জ্জিয়া গভীর॥ " অরে পাপি অহকারি হুফ হুরাচার। পাপের পশরা পূর্ণ **হৃ**দয় তোমার॥ কৌশলেতে অধিকারি পিতৃ সিংহাসন নরাধম নাম তব ব্যাপিলা ভুবন॥"

এত কহি বীরদ্বয় নিস্তব্য হইল। পরে এক মহা শব্দ শুনিতে পাইল। তাহা শুনি দারাবীর পুত্র সঙ্গে করি। চলিগেলা ঘোর নাদে অম্বর উপরি॥ পুন ভূপ হেরিলেন সভয় অন্তরে। রয়েছেন হত পিতা দাঁড়ায়ে অন্তরে॥ সম থেতে তিনি পরে হইয়া প্রকাশ। ক্রোধভরে স্বপুত্রে বলেন মনআশ। " রে হুফ পাপের দাস কুজনের শেষ। সুখে কর রাজকাজ নাহি লজ্জা লেশ। বটে তব পিতা আমি কিন্তু কাজে অরি। সততই অমঙ্গল তব ইচ্ছা করি॥ স্মরিয়া যতেক পাপ যাবৎ জীবন। পাইবিরে অন্তরেতে ঘোর নির্যাতন।

# বিপদ্গ্স গৃহস্থ পরিবার।

ভয়ঙ্কর অন্ধকার রজনী গভীর। রুষ্টির জলেতে ভাবে বক্ষঃ অবনীর॥ ় কড়মড় অশনির ঘন ঘন ডাক। শুনিয়া জীবের নাহি সরিতেছে বাকু ॥ তোপের শব্দেতে হেন রণক্ষেত্র মাঝে। করে নাই চমকিত মানব-সমাজে॥ জননীর অঙ্কে ক্ষুদ্র ক্ষুদ্র শিশুগণ। ভয়েতে জড়িয়া রয় মুদিয়া নয়ন ॥ যেন অদ্রি গহ্বরেতে হরিণশাবক। লুকাইয়া রয় বনে হেরিয়া পাবক ॥ क्षक क्षक क्षक क्षलिएइ मोमामिनी। অহির শিরেতে যেন জ্বলিতেছে মণি॥ অথবা নাশিতে স্বীয় রাজ্য ক্রোধভরে। ঈশের প্রেরিত এক দৈত্য পৃথীপরে॥ থাকি থাকি মহাদর্পে বুঝি সে অত্ম । বিকট হাসিয়া কাঁপাইছে মর্ত্তাপুর॥ অবিশ্রাস্ত বহিতেছে প্রচণ্ড প্রবন। উপড়িয়া পড়ে তায় রক্ষ অগনন॥ সে রক্ষ পতনে পুনঃ হয়ে প্রতিধনি। জীবমনে ভয় দেয় উপজি অমনি॥ অস্থ্য অস্থ্য দ্বিজ শাবক সহিত। হারায় অমূল্য প্রাণ হয়ে বিকেপিত॥

নদীগর্ভে আরোহি-সহিত তরি যত। ঘোর নাদে চূর্ণ হয়ে হইছে বিগত॥ कल्करल वाशी कूश इसामि मकल। পূরিতেছে ক্ষণমধ্যে পড়ে রফিজল। মণ্ডুক মণ্ডু কীগণ পেয়ে স্থসময়। . ঘোররবে ডাকিতেছে হইয়া অভয়॥ বিচুর্ণিত ছঃখির হইয়া ঘর দ্বার। ভূমিতলে পড়ে হয়ে যায় মাটিসার॥ দিতীয় প্রলয় কাল বুঝিবা এ হয়। নাশিতে এ চরাচর ভুবনে উদয়॥ এ হেন হুর্য্যোগে এক গৃহস্থ কুটীরে। ভাসিতেছে মহাকষ্টে হুঃথরূপ নীরে॥ জ্বলিছে ঘরের দীপ হইয়া মলিন। ছাত থেকে চুয়ে জল পড়ে ফিন্ ফিন্॥ দ্বারের নিকটে বসি মাথে হাত দিয়া। থেদেতে কাঁদিছে গৃহস্বামী ভুকুরিয়া॥ নয়নের জলে তার বক্ষঃ ভেদে যায়। মুখেতে বচন মাত্র " হায় হায় হায়"॥ বিছানায় স্তপুত্র হয়ে প্রাণহীন। পড়ে আছে এক ধারে হইয়া মলিন ॥

তার পাথে কন্যা এক অতীব স্বন্দরী। শুলরোগে কাঁদিতেছে ধড়ফড় করি॥ নাড়ী হেরে বৈদ্য তার বিষয় বদনে। বলে 'মূলে নাড়ী নাই বাঁচিবে কেমনে ॥ গৃহস্থ-বনিতা খেদে ঘরের কোণায়। আড়ফ হইয়া পড়ে আছে শবপ্ৰায়॥ তাহাদের কেহ নাই সান্ত্রনা বচনে। নিবারিতে মহাত্রঃখ আসি মাত্র ক্ষণে॥ } একমাত্র সহায় আছেন মহেশ্ব। দয়াময় দয়াধার বিভু বিশ্বস্তর॥ তিনি মাত্র অন্তরীক্ষ হতে প্রতিক্ষণ। বলিছেন ''বিনশ্বর মানবজীবন "॥

# ভগ্ন প্রাচীরোপরি চমৎকার শোভা।

মথমলের কাজ কিবা প্রাচীর উপর।

এক বার চেয়ে দেখ হে বান্ধব বর॥
ভগ্ন দেউলেতে শোভে মনোহর কাজ।

যাহার হরিৎ বর্ণে সব পায় লাজ॥

প্রথমে দাজান দেখ, শৈবাল কোমল।
তার পরে দুর্ব্বায় মণ্ডিত নানা স্থল॥
অবশেষে কারিগুরি করি তার মাঝ।
লজ্জিত করেছে যত মানব সমাজ॥
থন্য সেই চারু শিশ্পী শত থন্য তারে।
যে হেন অপূর্ব্ব কর্ম করিবারে পারে॥
সামান্য তৃণনিকর বিক্ষেপিয়া শত।
স্বশ্প পরিশ্রমে কাজ করিয়াছে কত॥
হেরিয়াও এই সব কার্য্য অপরূপ।
নাহি উথলয় মানবের ভাবকূপ॥
ধিকসে অক্তজ্জ নরে ধিক শতবার।
যে জন না দের ঈশে ক্তজ্জতা-হার॥

# সন্ধ্যাকালে ভাগীরথী দর্শন।

#### পয়ার।

ত্রান মুখে দিবাকর করিলে গমন।
নিজহ নীড়পানে ধায় দিজগণ॥

मक्ता वन्मनामि कति विकशन मत्व। গ্রহে যায় ফুল মনে সারি ইউদেবে॥ ক্ষেত্রে থেকে ক্ষেত্রপতি হয়ে ক্লান্ত মন। গৃহ অভিমুখে সবে করিছে গমন ॥ ধীরে২ যক্তি করে, লইয়া গোপাল। সঙ্গে করি লয়ে যায়, আপন গো-পাল। নিশানাথ হাস্যমুখে জ্যোতিক-মণ্ডলে। তারকা-মগুলী আদি লয়ে দল বলে। সার্বভোম পৃথীপতি সম দেন বার। জলধি অতলম্পর্শ করি অধিকার॥ এমন সময়ে আমি অতি ধীরে ধীরে। চলিলাম সখাসঙ্গে ভাগীরথী তীরে॥ ধরেছে প্রকৃতি সতী কিবা নব বেশ। ভাবিলে ভাবনা কত উপজে অশেষ ৷ পড়েছে কৌমুদী আভা তটিনীর নীরে। রূপার স্তবক ঝকে লহরী শরীরে ii তরঙ্গ রহিত নীর স্থিরভাবে রয়। বিবিধ শাখীর ছায়া, তাহে দুশ্য হয়॥ কত শত শিশুমার আনন্দের ভরে। জলে থেকে ভেনে উঠি ধীর শব্দ করে॥ বিদিয়া নাবিকগণ, নোকার উপরে।
শারি শারি সারীগায়, হুঁকা লয়ে করে।
দেখা যায় নিকটে রয়েছে ইফিমার।
শত শত দ্বীপ জ্বলে তাহার ভিতর॥
খেতাঙ্গী হরিষ মনে শেতাঙ্গিনী সনে।
টেবিলেতে খানা খান সহাস্য বদনে॥
এ সব দেখিয়া আমি প্রিয়সখা সঙ্গে।
আইলাম গৃহমুখে পুলকিত অঙ্গে॥

#### मग्रा।

(ইংরাজী হইতে অনুবাদিত।)

জ্রত পক্ষে সময় করিছে পলায়ন;
আমি তারে করি সম্বোধন,
বলি তিষ্ঠ করো না গমন,
কিন্তু তাও যায় সে চলিয়া
একটীও কথা না বলিয়া।

তার পরে রাখিবারে মম অনুরোধ
সময় দিলে এ প্রবোধ,
(যাহাতে হইল মোর বোধ)
"হে অসার মনুজবর
হুশ্চিন্তা তেয়াগী কাল হর"
হায় হায় সময় তো রথা বয়ে যায়
কি হইল অন্তের উপায়।
পুনরায় কহিলা সময়,
শেষ দিন সন্নিকট হয়—
তেঁহ এই উপদেশ দিয়া
গেল কোন খানে পলাইয়া।

নীলকরের কারাগারে কোন ক্ষকের খেদ।

নীলকর বিষধর বিষপোরা মুখ। অনল শিখায় ফেলে দিল যত সুখ।

কি খেদ কি খেদ কব কায় বুঝি এ নরকে প্রাণ যায়। দৃঢ় বাঁধা হস্ত পদ, প্রতি কথাতে বিপদ, অপস্তুঃ হলো বুঝি হায়! ক্ষিকার্য্য করে আমি খাই
নাহি ধন মানের বড়াই।
প্রাত্যহিক পরিশ্রমে, মনোস্থথে কোনজমে,
দীনভাবে দিনটী কাটাই॥

জুয়াচুরি ফেরেবী সকল
সংসারের নানান কৌশল।
নাহি জানি আমি চাষা, হৃদয়েতে সদা বাসা,
হেন রত্তি যাহা স্থবিমল॥

মনে নাই ভাব অসরল ।
গরু আর লাঙ্গল সম্বল।
জোর করি নীলকরে, সদত পীড়ন করে,
হরে প্রাণ সম্পত্তি সকল॥

কোথা প্রাণ প্রিয় পরিবার
কোথা গেল বন্ধু আপনার
হেথা '' শ্যামচাদাঘাতে," পৃষ্ঠদেশ রক্তপাতে,
কন্ট কত সহিছি অপার॥

কারাগৃহ ঘোর অন্ধকার বুলেতে আরত চারিধার প্রথর অক্লণ জ্যোতি, তথা নাহি করে গতি, যেন ঠিক যমের আগার॥

হারে নিদারুণ নীলকর পাষাণে কি গঠিত অন্তর ? চতুষ্পদ পশু সনে, তোমার তুলনা গণে, যত সব সুধার্মিক নর॥

ও পাশের কুঠরী ভিতর আছে বদ্ধ মম সহোদর। শুনি তার খেদ গান, বিদরিয়া যায় প্রাণ, মরিলেই যুড়ায় অন্তর॥

মার্কিনের কৃত দাসগণ সহে না কি কফ অনুক্ষণ ? কিন্তু সেই কফ যত, মোরা সহি যেই মত, নহে সেই মতন পীড়ন॥

লেপ্টনেন্ট গবর্ণর যিনি
দয়া কি না করিবেন তিনি ?
তবে আর কারে কই, বিভু জগদীশ বই,
সহি যত দিবস যামিনী #

### ভণ্ড তপস্বী।

কঠেতে তুলদী মালা মুখে হরি বোল। গলায় হুলায়ে সুখে বাজাইছ খোল॥ তরবুজের বোঁটা সম টিকী শোভে শিরে। পরনেতে মলমলের থান ফির ফিরে॥ কোঁচাটী জড়ান মোলা সম কাছা নাই। দেখিতে ধাৰ্ম্মিক বট কপট গোঁসাই॥ ছাপাতে সকল অঙ্গ চমৎকার শোভে। সদত ধাবিত মন প্রনারী লোভে॥ হাড়গিলের ঝুলিমত হাতে কুঁড়োজালি। মুখটী সুমিষ্ট কিন্তু হৃদে ভরা কালি॥ পেটটা ঢাকাই জালা নবাবী চলন। লোকেরে দেখাও সদা হরিনামে মন॥ সুখেতে কাটাও কাল আহারের তরে। রৌদ্রে জলে নাহি ফিরো পরিশ্রম করে॥ মালপুয়া মতিচুর মিঠাই প্রত্যহ। রাজার মতন তুমি আহার করহ॥ কিন্তু পরকালের কি করিলে সম্বল। খাটিবেনা ঈশ্বরের কাছেতে কৌশল।।

অতএব ছেড়ে দাও ভগুমী যতেক। হির চিত্তে ভাব সেই পরমেশ এক॥

# वस्नुविदश्राग।

ওহে নিশাকর তুমি বিমল অম্বরে। তারাদল সহ আছ কত শোভা করে। মলিন বদনে পুনঃ প্রভাত সময়। অন্তগত হবে তুমি—দিনেশউদয়॥ ধরিবে নবীন বেশ বিশ্ব চরাচর। মিলিবে কোক দম্পতি আহ্লাদ অন্তর॥ যাইবেন অস্তে রবি গোধুলি প্রকাশ। "একটা করিয়া তারা হইবে বিকাশ। ওবধীশ। পুন তুমি আকাশ মণ্ডলে। বসিবেক শোভা করি লয়ে দল বলে॥ কিন্তু হায়। বন্ধু মম হৃদয় আকাশ। উজলিবে নাহি আর হইয়া উল্লাস।। হাস্য যুক্ত মুখচক্র উদিলে তোমার। (উদারতা সদ্গুণের যা ছিল আধার)॥ জানি বিশ্ব নাট্যশালা তাহে জীব যত। কুশীলব বেশ ধরি প্রবেশে সতত॥ আপনার অভিনয় করি সমাপন। ক্রমে একে একে পরে করে পলায়ন। কিন্তু ভাবি নাই আমি এক দিন তরে। পলাইবে তুমি সথা এতই সত্বরে॥ ছুল্চিকিৎস হলো রোগ ঔষধ না মানে। জন্মত বিদায় লইলা পৃথী স্থানে॥ হেথায় বনিতা মাতা সখা হে তোমার। হুঃখে জর্জ্জরিত হয়ে দেখে অন্ধকার 🛭 দিয়া সকলেরে ফাকি কোন দেশান্তরে। একাকী চলিয়া গেলে না চিন্তি অন্তরে॥ হেথা তব শোকে করি অঞা বিসর্জ্জন। তব দেখা নাহি আর পাব কদাচন॥

### ় চন্দ্ৰ গ্ৰহণ।

একি হেরি একি হেরি আশ্চর্য্য ঘটন। তুমি নিশাকান্ত চক্ত ভুবনমোহন॥ আলোক বিস্তারি কর পৃথিবী উজ্জ্ব। অপূর্ব্ব বেশে সজ্জিত হয় জল স্থল॥ আজি কি কারণ হেরি তব হেন বেশ। কাঁপিতেছ থর থর সহি বহু ক্লেশ। হুৰ্দান্ত পাষণ্ড রাহু গ্রাসিছে তোমায়। ছোট হয়ে অপমান করে তব হায়॥ নীচের প্রকৃতি এই বিদিত জগতে। স্বৰশে পাইলে দণ্ড দেয় নানা মতে॥ শত "কোহীনূর" জ্যোতি তোমার বিহনে। থদ্যোতের ভাতি সম বোধ হয় মনে॥ এবে সেই জ্যোতি হায় হয়েছে মলিন। শোকে কুষ্ণবর্ণ আস্য উল্লাস বিহীন॥ ''নিয়তি কেন বাধ্যতে" শাস্ত্রের বচন। ঘটিবে কপালে যাহা আছয়ে লিখন॥

# मूटकत पूर्ग।

হে নীর কাশিম আলি ভেবে ছিলে মনে। চিরস্থায়ী রবে কীর্ত্তি তো প্রার ভুবনে। দারুণ হর্গম হর্গ প্রস্তরে গঠিত।
পর্বত প্রমাণ উচ্চ পরিখা সহিত॥
সহত্র প্রারট জলে না হইবে শেষ।
ভেবে ছিলে এই মনে হে বীর নরেশ॥
কিন্তু রথা তব পাশে আশা মায়াবিনী।
তব তুফি জন্য বলে ছিল এ কাহিনী॥
কোথা রাজ্য পাট তব কোথা হুর্গ শোভা।
যাহা এক দিন ছিল জন মনোলোভা॥
দূরদ্বীপ-বাসি নরে এখন তোমার।
হুর্গ রাজ্যপাট করিয়াছে অধিকার॥
সমান গঙ্গার জ্রোত চলে কলকলে।
হুর্গের প্রস্তর ভাঙ্গি পড়ে নদী জলে॥

### পাজি वर मारहव।

যবে নীলকর দক্ষ্য কঠিন হৃদয়। ধন প্রাণ প্রজার হরণ করি লয়॥ বঙ্গের নির্দ্দোষী চাষা উপায় বিহীন। অসহ যন্ত্রণা সহি দিন দিন ক্ষীণ॥ তথন কেবল তুমি ওহে পুরোহিত।
তাহাদের কতই সাধিয়া ছিলা হিত॥
হয়ে ভিন্ন দেশী নর পিতার সমান।
ছর্বল ক্ষকগণে কৈলা পরিত্রাণ॥
কারাবাস অপমান ক্লেশ সহ্য করি।
পর উপকার তরে স্থে পরিহরি॥
সহিলে কতই কট না হয় বর্ণন।
ধন্য তুমি নর কুলে স্থীর স্ক্রন॥
কি কৃষক কি গৃহস্থ বঙ্গের মাঝারে।
কেহ তব গুণ নাহি ভুলিবারে পারে॥

# शाशीत (थम्।

উত্তাপিত মরু রৃক্ষ প্রচণ্ড তপনে।
অনলের রৃষ্টি যেন হয় ক্ষণে ক্ষণে॥
আভ্যন্তরিক তাপে আমার এমন।
অবিরত সেই মত হয় ত্বালাতন॥
প্রার্টের ধারাসম নয়নের জল।
না পারে বিষম তাপ করিতে শীতল॥

অসহ যাতনা আর সহনীয় নয়। এ সময় রক্ষা কর ওহে দয়াময়॥ বটে আমি অতি পাপী দোষের আধার। কিন্তু হই পুত্র তব ওহে বিশ্বনার॥ দোষি পুল্লে পিতা করি অভয় প্রদান। ক্ষমেন যতেক পাপ হে ঈশধীমান॥ ক্ষম মম পাপ প্রভো এই ভিক্ষা চাই। অসুতাপ প্রারশ্চিত করিতেছি তাই ৷ ১ নিবিড় গহনে শুনি বাঁশরীর স্বর। ধায়রে কুরঙ্গ শিশু আহ্লাদ অন্তর।। পরেতে নির্দিষ্ট স্থানে করিলে গমন। বধে তার প্রাণ ব্যাধ (সাক্ষাৎ শমন)॥ তেমতি এ সংসায়ের দেখি প্রলোভন। হায়রে হয়েছে বদ্ধ প্রবাচার মন॥ অতুল আনন্দ পাবে করেছিলে আশ। দূরে গেল যত সুখ হলো সর্কনাশ। প্রকাশিয়া মহা ক্রোধ নিষ্ঠুর শমন। আসিতেছে প্রাণ বায়ু করিতে হরণ॥ মলাযুক্ত অন্তরেতে শমন নিকট। যাইবেরে পাই ভয় গণিয়া সঙ্কট ॥

এবে রক্ষা কর প্রভু অধম তারণ। দিয়া যত সৎপ্রবৃত্তি নরের ভূষণ॥২ ত্বথের যামিনী কিরে না হইবে ভোর। রহিবে কি চিরকাল অন্ধকার ঘোর॥ এ অঁখি কি না হেরিবে বিমল অন্তরে। স্থরপ রবের্লোক স্বভাবের ঘরে॥ সুচিন্তা সরোজ তাহে হইবে বিকাশ। দয়া ধর্ম অনিলেতে বহিবেক বাস॥ হায়রে। কি পোড়া মনে হবে আর স্থা। ভাবিতে সে কথা সদা ফেটে যায় বুক॥ মনের অসুখ হয় মনেতে বিলয়। সে কন্ট সহিতে নারে কোমল হৃদয়॥ দেখা দিয়া এ কাতরে ওহে পরমেশ। কর দূর মনের মালিন্য আর ক্লেশ। তোমার প্রসন্ন মুখ হেরিলে নয়ন। পাবে যে অসীম সুখ না হয় বর্ণন॥ ৩

### ভগবান্ শঙ্করাচার্য্য।

অন্ধকার গতে যথা কৌমুদী প্রকাশে। বিশ্বের মলিন দুশ্য নিমিষে বিনাশে॥ চার্কাক ও বৌদ্ধ ধর্মরূপ অন্ধকার। তেমতি তব উদয়ে না রহিল আর ॥ কলিকালে দণ্ড ধরি ওহে যোগীবর। প্রকাশিলে সত্য ধর্ম সর্ব্ব রুচিকর॥ বেদান্ত ও চতুর্বেদ করি অধ্যয়ন। জগতের এক পতি নিত্য সনাতন॥ এই মত চারি দিকে করিয়া প্রচার। ভারতেতে পেলে খ্যাতি শিব অবতার ॥ र्त्वर्ग श्राप्त श्रुवा वटल एक र्यार्शभवत । পেয়েছ আসন দিব্য দেবের ভিতর॥ যত দিন রবিচন্দ্র রবে বর্ত্তমান। তত দিন তব কীর্ত্তি রহিবে সমান॥

# ঝড়বৃষ্টির পর।

কিবা স্থির কি স্থানর সময় তথা। প্রচণ্ড বাটিকা গতে করে আগমন॥ চঞ্চল ভাবেতে বায়ু যবে নাহি রয়। প্রোজ্জল রবির তেজে মেঘ গত হয়॥ স্থির ভাবে নিদ্রা যায় পৃথিবী সাগর। শান্ত স্থির সর্ব্ব দিক নাহি অন্য ডর ॥ ধরিয়া দিবস যেন নব কলেবর। উষাদেবী অঙ্কদেশে শয়নে তৎপর॥ কোমল কলিকাচয় ক্র র প্রভঞ্জন। তুলিয়া ফেলেছে কত না হয় গণন॥ এবে ধীর সমীরণ প্রস্থনের বাস। ছাড়ি দেন চারি দিকে সৌরভ বিকাশ। ঘাসের উপর আর কুমুম কোরকে। টোপা টোপা রফিজল কিবা ঝক্ ঝকে॥ পড়িলা প্রকৃতি দেবী হীরকের মালা। দশদিক যে শোভায় হইল উজ্জলা॥ সমুদ্র তরঙ্গ উঠি ধীর সমীরণে। প্রকাশিছে কিবা শোভা অর্কের কিরণে॥ স্থ্ স্থ্ কলকলে তরঙ্গ নিকর। একে একে প্রবেশয় সাগর ভিতর॥

# কাশীম বাজারের ধংস।

এই কি সে স্থান যথা হন্ম্য সারি সারি। পর্বত সমান উচ্চ চৌদিকে বিস্তারি॥ প্রবৈশিতে নাহি দিত রবির কিরণ। এই কি সে স্থান যথা সদা সর্বকণ নানা জাতি লোকে ছিল নানা কর্ম্মে রত ? না জানিত হুঃখ কিবা আনন্দ সতত॥ এই কি ছিল হে সেই সুখের আলয় ? বাণিজ্যেতে যথা লোকে কাটাতো সময়॥ এবে কোথা হায় সেই রম্য নিকেতন। সোণার অলকাপুরী কুবের ভবন॥ গৃহ, দার জীর্ণ হয়ে ভূমিতলে পড়ি। স্তৃপে স্তৃ পে স্থানে স্থানে বায় গড়া গড়ি॥ महमा यहित उथा उशक्य ज्या। দিবা নিশি ভ্রমিতেছে শ্বাপদ নিচয়॥

I. C. Bose & Co., Stanhope Press, 172, Bowbazar Road, Calcutta.

# অশুদ্ধ শোধন।

शृक्षा ।	পংক্তি।	অভন্ন।	শুদ্ধ ।
\$	v	ভীমদেহি হস্তিচয়	ভীমদেহি-হস্তিচয়
\$	Ъ	প্রকাশিয়া	প্রকাশিলা
52	৯	অলস্কার	অলঙ্ক†রে
89	>>	সদত	সতত

### विकाशन।

🚩 শেহাপ যদ্ধানয়ে নিমনিধিত পুত্তকণ্ডলি বিক্লয়াৰ্থ স্থাপিত আছে।

		· ·	
	ে বাদৰধকাৰ্য ১ম ভাগ ১	পিশাচোদ্ধার	la
٠.	&? ২য়প্তাগ ১্}	আফ্কার মানচিত্র	&
•	ভিলোভগানম্ভৰ কাৰ্য ॥० }	ভূগোলস্ক	0/30
	बीव्राचना कांवर ।।० }	विमाञ्चलद्र नांडेक	>
•	बकाक्सा कांबर ١० ह	ঐ কাপড়ে বাঁধা	>10
	<b>ठळूर्फणलमी कविकार्याम</b> >्	नव-नाष्ठेक	>
	कृषकृमादी नाउक >्	এশাহাবাদের বিবরণ	10/0
	প্রাবিতী নাট্ড ৩০০ }	প্রোণির্ভান্ত	110
	भर्मिके। नाठेक >	প্রথম পাঠ	v. 10
,	ঐ ইংরাজী অনুবাদ ১	দিভীয় পাঠ	10
	वुष् मानिएक वाए दें। । ००	ডুভীয় পাঠ	🛷
	ब्रोक्ट्रेकि वरल मञ्जूषा ? ।।०	कामध्रती नाउँक	>
	मीडाइद्रंग ५०	निकाशनानी	२ .
	वानवम्डा (भना)।।०	গোলকের উপযোগিতা	1,0
	🕁 (शन्द्र) 🔐 ১।० है	মানসায় ১ম ভাগ	130
	সাহিত্য মুক্তাবলী ।।৽	ঐ ংয়ভাগ	0/3
	मबाभवांना 🗸 ১० 🖁	ঐ ৩য়স্তাগ	150
	'প্ৰণিক বিজ্ঞান ১০০ {	রীরবাহ কাব্য	110
	দায়ভাগোপক্রমণিক। ।।> }	চীনের ইতিহাস	3
	হাই-কোর্ট আদানতে নিপায়	कानकी नाउँक	>
	कत्र-प्रश्कुष्ठि स्मिक्षमा २	विधवा वजाजना	10
	ইং ১৮৩৭ সালের বিশ্ববিদ্যালয়	वीववाकावली	10
	<b>প্রাহেশার্থ বাঙ্গাল্য সাহিত্যের</b> 💡	डेशरमभामा	10
	ख्य-পুস্তক ।√১० १	বুৰ্লেকিনা	>
	नशम छै कि मिल शुखक-रावमा		শতকৱা
	a desired and the		

নগদ টাকা দিলে পুভক-ব্যবসায়ীদিগকে সকল পুস্তকেই শতকর।
২০ টাকার হিমাবে কেবল শিক্ষাপ্রণালী, গোলকের উপযোগিতা
নানসাস্ক ও কর-সংক্রান্ত মোকদ্দনায় >২॥০ টাকার হিসাবে, এবং
প্রোণির্ভ্তান্ত, প্রথম পাঠ, দিতীয় পাঠ ও তৃতীয় পাঠে ১৫ টাকার হিসাবে কমিস্ন দেওয়া যাইবেক। আফ্রিকার মানচিত্রে কমিস্ন নাই

নগদ টাকা দিয়া ১০০ ভূগোল-স্থত্ত একেনারে লইলে ২০ টাকার হিসাবে কমিদন দেওয়া ষাইবেক। ইতি তাং ৭ই ফেব্রারি ১৮৩৭।

ৰং > ২. বছৰাজাৰ বোড।

बी बारे, मि, तम्र कार

